

**2019/TDC/EVEN/BNGDSC/BNGGEC-201  
T/065**

**TDC (CBCS) Even Semester Exam., 2019**

**বাংলা**

**( দ্বিতীয় বাৎসরিক )**

**পাঠ্যক্রম নং : BNG DSC-201T/BNG GEC-201T**

**[ বাংলা সাহিত্যের ইতিহাস( আধুনিক যুগ ) ]**

**পূর্ণমান : ৭০**

**উত্তীর্ণমান : ২৮**

**সময় : ৩ ঘণ্টা**

**পাঠ্য সংখ্যা পূর্ণমান নির্দেশক**

**প্রতিটি স্তম্ভ থেকে উত্তর দেওয়া আবশ্যিক**

**স্তম্ভ—১**

**১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) :**

**১×৪=৪**

**(ক) শ্রীরামপুর মিশন কত খ্রিস্টাব্দে স্থাপিত হয়?**

**(খ) রামমোহন রায় রচিত ব্যাকরণ গ্রন্থটির নাম কী?**

**(গ) ফোর্ট উইলিয়াম কলেজ কে প্রতিষ্ঠা করেন?**

**(Turn Over)**

(ঘ) কাদের শিক্ষা দেওয়ার জন্য ফোর্ট উইলিয়ম কলেজ স্থাপিত হয়েছিল ?

(ঙ) বিদ্যাসাগরের 'শকুন্তলা' গ্রন্থটি কোন্ গ্রন্থ অবলম্বনে রচিত ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) :

(ক) রাজা রামমোহন রায়ের উদ্যোগে কোন্ কুপ্রথা বন্ধ হয়েছিল ? তাঁর সম্পাদিত পত্রিকাটির নাম কি ছিল ?

(খ) বিদ্যাসাগরের স্বরচিত জীবনী গ্রন্থটির নাম কি ? হিন্দী 'বেতাল পচ্চীসী'-কে তিনি কি নাম দিয়ে অনুবাদ করেছিলেন ?

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) বাংলা গদ্যের বিকাশের ক্ষেত্রে ফোর্ট উইলিয়ম কলেজের লেখকগোষ্ঠীর গুরুত্বপূর্ণ অবদানের কথা আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ বলেছেন, "বিদ্যাসাগর বাংলা গদ্য-ভাষার উজ্জ্বল জনতাকে সুবিত্ত, সুবিন্যস্ত, সুপরিচ্ছন্ন এবং সুসংযত করিয়া তাহাতে সহজ গতি এবং কার্যকুশলতা দান করিয়াছেন।" বিদ্যাসাগরের গদ্য রচনা অবলম্বনে রবীন্দ্রনাথের এই মন্তব্যের সারবত্তা প্রমাণ করো।

( 3 )

পৃষ্ঠা—২

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

- (ক) কোন্ পত্রিকার জন্য কবি ঈশ্বরগুপ্ত বিখ্যাত ছিলেন?
- (খ) মধুসূদন প্রবর্তিত ছন্দটির নাম কী?
- (গ) রবীন্দ্রনাথ বিহারীলালকে কি অভিধায় আখ্যায়িত করেছেন?
- (ঘ) 'বলাকা' কাব্যগ্রন্থটি কার রচিত?
- (ঙ) 'বনলতা সেন' কবিতার কবি কে?

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) :

- (ক) মধুসূদন রচিত পত্রকাব্যটির নাম কী? কোন্ কাব্য রচনা করে কবি মহাকবির সম্মান লাভ করেছেন?
- (খ) কত খ্রিস্টাব্দে, কোন্ কাব্যগ্রন্থের জন্য রবীন্দ্রনাথ নোবেল পুরস্কারে সম্মানিত হয়েছেন?

৬। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) উনিশ শতকে বাংলা গীতিকবিতার জনক হিসেবে বিহারীলালের কৃতিত্বের পরিচয় করো।
- (খ) ঈশ্বরগুপ্তকে যুগসন্ধির কবি হিসেবে আখ্যায়িত করা কতদূর যুক্তিসঙ্গত, আলোচনা করো।

(Turn Over)

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) :

১×৪=৪

(ক) মধুসূদনের প্রথম নাটক কোনটি ?

(খ) 'কমলে কাশিনী' নাটকের নাট্যকার কে ?

(গ) 'সধবার একাদশী' কি জাতীয় রচনা ?

(ঘ) 'জনা' কি জাতীয় নাটক ?

(ঙ) বিজ্ঞেন্দ্রলালের একটি ঐতিহাসিক নাটকের নাম করো।

৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) :

(ক) কোন্ নাটকের জন্য দীনবন্ধু মিত্রের নাম প্রসিদ্ধ ? এটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?

(খ) নট ও নাট্যকার হিসেবে কোন্ নাট্যকার আমাদের কাছে পরিচিত ? তাঁর রচিত একটি সামাজিক নাটকের নাম লেখো।

৯। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) বাংলা নাটকের ক্রমবিকাশের ধারায় মধুসূদনের অবদান বিষয়ে আলোচনা করো।

(খ) বিজ্ঞেন্দ্রলাল রায় রচিত ঐতিহাসিক নাটকগুলির পরিচয় দাও।

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) :

১×৪=৪

(ক) বঙ্কিমচন্দ্রের খাঁটি ঐতিহাসিক উপন্যাস কোনটি ?

(খ) 'শেষের কবিতা' কি জাতীয় রচনা ?

(গ) 'শ্রীকান্ত' উপন্যাসের কয়টি পর্ব আছে ?

(ঘ) 'বৈকুণ্ঠের উইল' উপন্যাসটির লেখক কে ?

(ঙ) বিভূতিভূষণের কোন উপন্যাস অবলম্বনে চলচ্চিত্র নির্মাণ করে সত্যজিৎ রায় বিখ্যাত হয়েছিলেন ?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) :

(ক) 'ঘরে বাহরে' উপন্যাসটি কার লেখা ? উপন্যাসটিতে একটি আন্দোলনের প্রসঙ্গ আছে, সেটি কী ?

(খ) কোন উপন্যাসিকের রচনায় প্রকৃতির নিখুঁত ছবির বর্ণনা আছে ? তাঁর কোন উপন্যাসে দুর্ভিক্ষের মর্মান্তিক ছবি ফুটে উঠেছে ?

(Turn Over)

১২। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) বঙ্কিমচন্দ্র তাঁর সামাজিক বাস্তবশ্রয়ী উপন্যাসে যে সৃজনশীলতার পরিচয় দিয়েছেন তা বিশদ করো।
- (খ) বাংলা উপন্যাস-সাহিত্যে শরৎচন্দ্রের অবদান বিষয়ে আলোচনা করো।

শুধু—৫

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) :

- (ক) রবীন্দ্রনাথের ছোটগল্পগুলির সংকলন গ্রন্থের নাম কী?
- (খ) ছোটগল্প রচনার সূচনাপর্বে রবীন্দ্রনাথ কোথায় অবস্থান করেছিলেন?
- (গ) মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি গল্প-সংকলনের নাম করো।
- (ঘ) 'বেদিনী' গল্পটি কার লেখা?
- (ঙ) পরশুরাম কোন্ লেখকের ছদ্মনাম?

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন একটি) :

- (ক) প্রাগৈতিহাসিক গল্পটি কার লেখা? এটি লেখকের কোন গল্প-সংকলনের অন্তর্ভুক্ত?
- (খ) পরশুরামের অধিকাংশ ছোটগল্পের প্রধান রস কী? তাঁর যে কোনো একটি গল্প-সংকলনের নাম করো।

J9/2187



(Continued)

( 7 )

১৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

৮

(ক) বাংলা ছোটগল্পের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) তারাশঙ্কর রচিত কয়েকটি ছোটগল্প অবলম্বনে গল্পরচনার তাঁর বৈশিষ্ট্যের পরিচয় দাও।

\*\*\*

9-3770/2187  
2019/TDC/EVEN/BNGDSC/BNGGEC-  
201T/065